

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের
নিয়ন্ত্রণাধীন 'ম্যানেজার (প্রেস)'
[১০ম গ্রেড] পদের লিখিত
পরীক্ষার ফলাফল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর-৮০.১১০.০১১.০০.০০.০১১.২০১৯ (অংশ-১)-১৬২

তারিখ : ২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১১ মে ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের 'ম্যানেজার (প্রেস)'
[১০ম গ্রেড] পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশ সংক্রান্ত।


জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের 'ম্যানেজার (প্রেস)'
[১০ম গ্রেড] (বিজ্ঞপ্তির তারিখ : ২৩.০২.২০২১; বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর-৩৪) পদের গত ২০.১২.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত লিখিত
পরীক্ষায় অংশগ্রহণকারী ৩৪ জন প্রার্থীর মধ্যে নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ লিখিত পরীক্ষায় সাময়িকভাবে উত্তীর্ণ
হয়েছেন :

রেজিস্ট্রেশন নম্বর: 000012 000038 000049 000050 000051 000073 000074 000082 000087 000092
000100 500062 Total= 12 জন

০২. প্রকাশিত ফলাফলে যুক্তিসঙ্গত কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।
০৩. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের উল্লেখযোগ্য গুরুতর (Substantive) ঘাটতি দেখা
গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
০৪. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের 'ম্যানেজার (প্রেস)'
[১০ম গ্রেড] পদের লিখিত
পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPS Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে
ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ ১(এক) সেট আবেদনপত্র আগামী ১৭.০৫.২০২২ থেকে ৩১.০৫.২০২২ খ্রি.
তারিখের মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত জমাদানকারী প্রার্থীদের
সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণ করে পরিচালক (ইউনিট-১০), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে :
- ক. শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি;
- খ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্ট
সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- গ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা
অপসারণ আদেশের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঘ. সরকারি/আধা সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত
ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঙ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;
- চ. কম্পিউটার চালনায় দক্ষতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ছ. জাতীয় পরিচয় পত্রের (NID) সত্যায়িত কপি;
- জ. বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;

ক্রমশ/০২

- বা. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ঞ. অনধিক ০৩ মাস পূর্বের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;
- ট. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরমেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র;
- ঠ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;
- ড. BPSC Form-5A (Applicant's Copy);
- ঢ. অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি এবং
- ণ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে)।
০৫. উল্লিখিত প্রতিটি ডকুমেন্টের উপর প্রার্থীকে তীর রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।
০৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ আগামী ৩১.০৫.২০২২ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে BPSC Form-5A(Applicant's Copy) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত কাগজপত্রসহ জমা দিতে ব্যর্থ হলে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
০৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং BPSC Form-5A(Applicant's Copy) সহ প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি জমাদানকারী প্রার্থীদের সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই বাছাই পূর্বক যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
০৮. এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লি: এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে।
- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন
 - চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]